



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা।
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৩.১৯.০০৩.২১- ৫২৭


তারিখ: ০৭ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ।
২১ জুন, ২০২২ খ্রিস্টাব্দ।

বিষয়: বদলিকৃত কর্মস্থলে যোগদান প্রসংগে।

সূত্র: স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৩.১৯.০০৩.২১.৪৯০, তারি: ১৮ এপ্রিল, ২০২২ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রস্থ স্মারকে গুরুদাসপুর পৌরসভায় কর্মরত পৌর নির্বাহী কর্মকর্তা বেগম হাফসা শারমিন-কে নাটোর জেলার গোপালপুর পৌরসভায় বদলি করা হয়। কিন্তু তাকে বদলিকৃত কর্মস্থলে অবমুক্ত করা হয়নি। ফলে বদলিকৃত কর্মস্থলে যোগদানের লক্ষ্যে বেগম হাফসা শারমিন, পৌর নির্বাহী কর্মকর্তা, গুরুদাসপুর পৌরসভা (নাটোর জেলার গোপালপুর পৌরসভায় বদলির আদেশাধীন)-কে বর্তমান কর্মস্থল গুরুদাসপুর পৌরসভা হতে আগামী ০৩ জুলাই, ২০২২ তারিখের মধ্যে অবমুক্ত করে গুরুদাসপুর পৌরসভায় বদলিকৃত পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোহা: রবিউল হক এর যোগদানপত্র গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা করা হলো।

০২। স্থানীয় সরকার বিভাগের নির্দেশ প্রতিপালনে ব্যর্থ হলে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ অনুযায়ী তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মেও নির্দেশক্রমে তাঁকে অবহিত করা হলো।


২১/০৬/২০২২
(মো: আব্দুর রহমান)
উপসচিব
ফোন: ৯৫১৪১৪২

মেয়র
গুরুদাসপুর পৌরসভা
নাটোর।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ চিবালায়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ চিবালায়, ঢাকা।
৩. মেয়র, গোপালপুর পৌরসভা, নাটোর।
৪. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. বেগম হাফসা শারমিন, পৌর নির্বাহী কর্মকর্তা, গুরুদাসপুর পৌরসভা, নাটোর (নাটোর জেলার গোপালপুর পৌরসভায় বদলির আদেশাধীন)।
৬. জনাব মোহা: রবিউল হক, পৌর নির্বাহী কর্মকর্তা, চারঘাট পৌরসভা, রাজশাহী (নাটোর জেলার গুরুদাসপুর পৌরসভায় বদলির আদেশাধীন)। তিনি আগামী ০৩ জুলাই, ২০২২ খ্রি: তারিখে বদলিকৃত কর্মস্থলে আবশ্যিকভাবে যোগদান করবেন।